বাংলাদেশ-তুরস্ক বৈঠকে সাংস্কৃতিক সমঝোতা চুক্তি সই



বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। ছবি: সংগৃহীত

ঢাকায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদানের বৈঠকে দুই দেশের মধ্যে সাংস্কৃতিক বিনিময় বিষয়ক একটি সমঝোতা স্মারক সই হয়েছে। শুক্রবার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে অনুষ্ঠিত বৈঠকে বাণিজ্য, বিনিয়োগ ও আঞ্চলিক সহযোগিতা নিয়ে আলোচনা হয়।

বৈঠক শেষে যৌথ সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেন, শান্তি, বাণিজ্য ও বিনিয়োগ খাতে বাংলাদেশ ও তুরস্ক একসঙ্গে কাজ করবে। তিনি জানান, মুক্ত বাণিজ্য সম্প্রসারণ এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চলে তুরস্কের বিনিয়োগ বাড়ানোর বিষয়েও আলোচনা হয়েছে।

তিনি আরও বলেন, শিক্ষা ও প্রযুক্তিখাতে সহযোগিতা বাড়াতে তুরস্কের সহায়তা চেয়েছে বাংলাদেশ। পাশাপাশি রোহিঙ্গা সংকট সমাধানে আরও কার্যকর ভূমিকা রাখতে দেশটির প্রতি আহ্বান জানিয়েছে ঢাকা। জাতিসংঘ সাধারণ পরিষদে বাংলাদেশের প্রতি সমর্থনের জন্যও তুরস্ককে ধন্যবাদ জানানো হয়।

অন্যদিকে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান বলেন, জাতীয় নির্বাচনের মাধ্যমে বাংলাদেশ নতুন এক অধ্যায়ে প্রবেশ করেছে। তিনি জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় বাংলাদেশকে অভিনন্দন জানান।

রোহিঙ্গা ইস্যুতে তিনি বলেন, বাংলাদেশ মানবিকতার পরিচয় দিয়ে রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছে। তাদের নিরাপদ ও সম্মানজনক প্রত্যাবর্তনে তুরস্ক সহযোগিতা অব্যাহত রাখবে বলেও আশ্বাস দেন তিনি।